114

ভোরের কাগজ

তারিখ ... APR. 27 1999

পৃষ্ঠা ১২ কলাম ৩

ছাত্র ইউনিয়নের সম্মেলনে হেনা দাস

# প্রস্তাবিত শিক্ষানীতির বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আহ্বান

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : বাংলাদেশ ছাত্র ইউনিয়নের ২৬তম জাতীয় সম্মেলনের উদ্বোধনী ভাষণে হেনা দাশ বলেছেন, প্রস্তাবিত শিক্ষানীতিতে ৭২-এর সংবিধানের মূলনীতি উপেক্ষিত হয়েছে। তিনি ছাত্র ইউনিয়ন কর্মীদের এ শিক্ষানীতির বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য আহ্বান জানান। গতকাল সোমবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে সম্মেলনের উদ্বোধন করা হয়।

সংগঠনের বিদায়ী সভাপতি হাসান হাফিজুর রহমান সোহেলের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন ইউনিয়নের সাধারণ সম্পাদক মঞ্জুর এ খোদা টরিক। হেনা দাশ তিনটি পায়রা উড়িয়ে সম্মেলনের উদ্বোধন ঘোষণা করেন।

উদ্বোধনী ভাষণে প্রস্তাবিত শিক্ষা কমিশনের সদস্য হেনা দাশ আরো বলেন, কুদরাত-ই-খুদা শিক্ষা কমিশনে গণতান্ত্রিক ধারায় মুক্ত চিন্তা নিয়ে কাজ করার সুযোগ ছিল। কিন্তু বর্তমান কমিশনে সে সুযোগ ছিল না। এ শিক্ষানীতি সাম্প্রদায়িক চিন্তা-চেতনার পক্ষপাতদুষ্ট।

উদ্বোধনী অনুষ্ঠানের পর সংগঠনের একটি বিশাল র‍্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ করে। এ সময় মধুর কেন্টিনে দাঁড়িয়ে থাকা সংগঠনের সাবেক সদস্যরা তাদের অভিনন্দন জানান। র‍্যালিতে বিভিন্ন শিক্ষা উপকরণ এবং ছাত্র ইউনিয়নের শ্লোগান সম্বলিত প্ল্যাকার্ড বহন র‍্যালি ওসমানি উদ্যানে গিয়ে শেষ হয়।